গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দপ্তর

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর

স্থাপিত: ১৯৪৮ খ্রি.
কলেজ কোড: [উচ্চ মাধ্যমিক-৫৫০০] [জাতীয় বিশ্ববিদ্যালয়- ৬৩০১]
ফোন: +৮৮০২৪৭৮৮১০১২৪, ওয়েব-সাইট: www.mgc.ac.bd
EIIN: 110785
E-mail: gnc_edu@yahoo.com



তারিখ: ২৫ নভেম্বর, ২০২৬ খ্রি.

'নোটিশ'

মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর এর ২০২৫-২৬ ও ২০২৬-২৭ শিক্ষাবর্ষের ১১শ ও ১২শ (যারা উপবৃত্তি পায়নি) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম অনলাইন থেকে সংগ্রহ করে পূরণ করে আগামী ২৬/১১/২০২৬ খ্রি. থেকে ০৩/১২/২০২৬খ্রি. পর্যন্ত কলেজ অফিসে জমা দেওয়ার জন্য বলা হলো।

পূরনকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে।

১। শিক্ষার্থী কর্তৃক সঠিকভাবে পূরনকৃত উপবৃত্তির আবেদন ফরম।

২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি অনলাইন (১৭ সংখ্যা)।

৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।

৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।

৫। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি।

৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা বা মাতা) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল / বৈধ মোবাইল ব্যাংকিং একাউন্ট অথবা যেকোনো ব্যাংক একাউন্ট নম্বর (ব্যাংক একাউন্ট নম্বরের স্টেটমেন্টসহ) ।

৭। একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে পিতার নাম প্রদান করতে হবে। মাতাকে অভিভাবক নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে মাতার নাম প্রদান করতে হবে। মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একই ব্যক্তির সিম রেজিস্ট্রেশন ও একাউন্ট হতে হবে।

৯। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে শিক্ষার্থীর অনলাইন স্কুল ব্যাংকিং একাউন্ট হিসাব নম্বর দিতে হবে এবং হিসাবধারী নাম শিক্ষার্থীর নাম হবে।

১০। স্কুল ব্যাংকিং / এজেন্ট ব্যাংকিং এর ক্ষেতে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসেবে তাঁর নাম এন্ট্রি করতে হবে। এজেন্ট ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করার ক্ষেতে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখার নাম প্রদান করতে হবে। ব্যাংক স্টেটমেন্ট কপি দিতে হবে।

১১। পিতা ও মাতা উয়ই মৃত হলে তার প্রমাণ পত্র(ডেড সার্টিফিকেট) দিতে হবে ।

১২। আবেদনকারীর পিতা/মাতা/অভিভাক জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে অসুস্থ থাকলে তার প্রমাণপত্র দিতে হবে ।

১৩। আবেদনকারীর পিতা-মাতা ব্যতীত পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে/দীর্ঘমেয়াদী শারীরিক/মানসিক রোগে অসুস্থ থাকলে প্রমাণপত্র দিতে হবে ।

১৪। মুক্তিযোদ্ধার সন্তান / জুলাইযোদ্ধা হলে তার প্রমাণ পত্র দিতে হবে ।

১৫। ছাত্রীদের ১০০% উপবৃত্তি হবে ও ছাত্রদের আগের নিয়মে চলবে।।

১৬। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS- এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তি নিশ্চিয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS-এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।

জমা গ্রহণকারীর নাম:

ক্রমিক নং	জমা গ্রহণকারীর নাম	গ্রুপ/ বিভাগ
০১	জনাব মো: আবু সাঈদ	বিজ্ঞান
০২	জনাব শুকলাল বিশ্বাস	মানবিক
০৩	জনাব মো: জবাহার হোসেন মোল্লা	ব্যবসায় শিক্ষা

বি.দ্র.: ফরমপূরণে ভুল হলে আবেদনপত্র অযোগ্য বলে বিবেচিত হবে।
এ জন্য শিক্ষার্থী নিজেই দায়ী থাকবে।

২৫/১১/২০২৬

(প্রফেসর মো. লুৎফর রহমান খান)
আইডি নং-৯৬৮
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।

আইডি নং-৯৬৮ প্রফেসর মো. লুৎফর রহমান খান
অধ্যক্ষ
মাদারীপুর সরকারি কলেজ
মাদারীপুর।